# বার্ষিক প্রতিবেদন
# ২০২০-২১



## বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট

# নির্বাহী সার-সংক্ষেপ

পুষ্টি সম্পর্কিত বৈশ্বিক ও জাতীয় লক্ষ্যমাত্রা অর্জন ও প্রণয়নকৃত কর্মপরিকল্পনাগুলো বাস্তবায়নে নিরলসভাবে বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট কাজ করে যাচ্ছে । বর্তমানে খাদ্য ও পুষ্টি নিশ্চিতকরণ সংশ্লিষ্ট ১২টি গবেষণা প্রকল্প চলমান রয়েছে। চলতি অর্থবছরে ১২ হাজার ব্যক্তিকে খাদ্যভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে। ফলিত পুষ্টি ও খাদ্যনিরাপত্তা বিষয়ক ৩৪টি সেমিনার/কর্মশালা বাস্তবায়ন করা হয়েছে, বাংলাদেশ বেতারে প্রচার করা হয়েছে ৫৭টি বেতার কথিকা। বারটান প্রধান কার্যালয় আড়াইহাজার, নারায়ণগঞ্জে নির্মিত ১০০ একরের সুবিশাল প্রাঙ্গণে স্থানান্তরিত হয়েছে।

## ভূমিকা

খাদ্যভিত্তিক পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ ও গবেষণার মাধ্যমে কর্মক্ষম ও দক্ষ জনশক্তি সৃজন, পুষ্টিহীনতা দূরীকরণ, বেকার সমস্যা সমাধান ও স্বকর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র বিমোচনে শক্তিশালী ভূমিকা রাখার লক্ষ্যে প্রতিষ্ঠিত হয়েছে বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)।

প্রফেসর ডাঃ ইব্রাহীম ১৯৬৮ সালে জুরাইনে ‘ফলিত পুষ্টি প্রকল্প’ নামে একটি প্রকল্প গ্রহণ করেন। ১৯৭৯ সালে বাংলাদেশ ডায়াবেটিক সমিতির ১৫৪তম কাউন্সিল মিটিংয়ে এর নামকরণ করা হয় বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট। ১৯৮০ সালে কৃষি মন্ত্রণালয় এর দায়িত্ব গ্রহণ করে। ২০০1 সালে এর নামকরণ করা হয় বাংলাদেশ ফলিত পুষ্টি ও মানবসম্পদ উন্নয়ন বোর্ড। ২০১২ সালে পুনরায় এর নাম বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট রেখে ফলিত পুষ্টি বিষয়ে গবেষণা ও প্রশিক্ষণের আঞ্চলিক এবং বৈশ্বিক পীঠস্থান (Center of Excellence) হিসেবে গড়ে তোলার লক্ষ্যে মহান জাতীয় সংসদে 'বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) আইন-২০১২' পাশ হয়। ১৯ জুন, ২০১২  তারিখে ২০১২ সালের ১৮ নং আইন হিসেবে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়। বারটান-এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা ১১ জুলাই ২০১৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

নারায়ণগঞ্জের আড়াইহাজার উপজেলায় মেঘনা নদীর তীরে ১০০ একর জায়গায় নির্মিত হয়েছে বারটান-এর প্রধান কার্যালয়। এখানে আন্তর্জাতিক মানের ফলিত পুষ্টি গবেষণাগারসহ, প্রশিক্ষণ ভবন, ডরমিটরি, অফিস ভবন, গবেষণার জন্য ফার্ম শেড, পুকুর, স্কুল ও কলেজ ভবন নির্মাণ করা হয়েছে। এছাড়া বরিশাল, সিরাজগঞ্জ, সুনামগঞ্জ, ঝিনাইদহ, নেত্রকোনা, নোয়াখালী (সুবর্ণচর) এবং রংপুরে (পীরগঞ্জ) গবেষণা ও প্রশিক্ষণের সুবিধা সংবলিত ০৭টি আঞ্চলিক কার্যালয় নির্মাণ করা হয়েছে।

## ভিশন

জনগণের পুষ্টিস্তর উন্নয়ন।

## মিশন

খাদ্য ও পুষ্টি সম্পর্কিত গবেষণা, প্রশিক্ষণ ও কর্মশালা বাস্তবায়ন এবং গণমাধ্যমে সম্প্রচারের মাধ্যমে দেশের জনগণের পুষ্টিস্তর উন্নয়নে অবদান রাখা।

## জনবলের তথ্য

১. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

| সংস্থার নাম | অনুমোদিত পদ | পুরণকৃত পদ | শূন্যপদ | মন্তব্য* |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৬ |
| | | | | |
| বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট | ২২৪ | ৮৭ | ১৩৭ | |
| **মোট** | **২২৪** | **৮৭** | **১৩৭** | **বারটানের গবেষণাসহ অন্যান্য কার্যক্রম জোরদার করার জন্য ২২৪টি পদ সৃজন করা হয়েছে। তন্মধ্যে ২২টি পদ (১০%) সংরক্ষিত। ফলে ১১৫টি পদ শূন্য রয়েছে।** |

১.২ শূন্যপদের বিন্যাস

| অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|
| | | | | |
| ৪৪ | ২৭ | ৩৮ | ২৮ | ১৩৭ |

## ২.মানবসম্পদ উন্নয়ন

২.১-অভ্যন্তরীণ প্রশিক্ষণ

প্রতিবেদনাধীন অর্থ-বছরে (২০২০-২১) আয়োজিত ইন-হাউজ প্রশিক্ষণের বর্ণনা

| ক্র: ন: | প্রশিক্ষণের নাম | তারিখ |
|---|---|---|
| ১. | Primary Health Care and Nutrition to Manage Corona Virus | ২৮-২৯ জুলাই,২০২০ |
| ২. | অফিস ব্যবস্থাপনা | ০৯-১০ আগস্ট, ২০২০ |
| ৩. | সুশাসন সংক্রান্ত ইনহাউজ প্রশিক্ষণ | ২৬-২৭ সেপ্টেম্বর |
| ৪. | অর্থ ব্যবস্থাপনা ও সুশাসন | ২৮-২৯ ডিসেম্বর, ২০২০ |
| ৫. | অর্থ ব্যবস্থাপনা | ০৭-০৮ মাচ, ২০২১ |
| ৬. | বাষিক কর্মসম্পাদন চুক্তি | ১২ জুন, ২০২১ |

**২.২-বিদেশ প্রশিক্ষণ/সেমিনার/ওয়ার্কশপে যোগদান**

| **ক্র: নং** | **গ্রেড নং** | **বিদেশ প্রশিক্ষণ** | | | | **মন্তব্য** |
|---|---|---|---|---|---|---|
| | | **সেমিনার** | **ওয়ার্কশপ** | **প্রশিক্ষণ** | **মোট** | |
| **১** | **গ্রেড ১-৯** | **-** | **-** | **০** | **-** | |
| **২** | **গ্রেড ১০** | **-** | **-** | **-** | **-** | |
| **৩** | **গ্রেড ১১-২০** | **-** | **-** | **-** | **-** | |
| | **মোট** | **-** | **-** | **০** | **-** | |

## উল্লেখযোগ্য কার্যক্রম

*আড়াইহাজারে নির্মিত বারটান প্রধান কার্যালয়ে অফিস স্থানান্তর সম্পন্ন হয়েছে।

*চলতি অর্থবছরে ১২ হাজার ব্যক্তিকে খাদ্যভিত্তিক (ফলিত পুষ্টি) পুষ্টি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, ইউপি সদস্য, পুরোহিত, ইমাম, স্থানীয় সমাজ কর্মী, এনজিও প্রতিনিধি কৃষাণ কৃষাণী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের কর্মকর্তা এবং উপ-সহকারী কৃষি কর্মকর্তা প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। এছাড়া বস্তিবাসী, গার্মেন্টস কর্মী ও বিদেশগামী শ্রমিকদের খাদ্যভিত্তিক (ফলিত পুষ্টি) পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৩০০ জন ব্যক্তিকে আপদকালীন পরিস্থিতি মোকাবেলায় পুষ্টি বিষয়ক সচেতনতামূলক প্রশিক্ষণ দেয়া হয়েছে।

*চলতি অর্থবছরে খাদ্যভিত্তিক পুষ্টি বিষয়ক বিভিন্ন বিষয়ে দেশজুড়ে ১২টি গবেষণা চলমান রয়েছে যা বারটান প্রধান কার্যালয়সহ ০৭টি আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে। প্রথমবারের মতো বারটানের প্রধান কার্যালয় গবেষণার কাজে ব্যবহৃত হচ্ছে।

*গণমাধ্যম বিশেষ করে বাংলাদেশ বেতারের কৃষি বিষয়ক কার্যক্রমের আওতায় বিভিন্ন খাদ্যের পুষ্টিমান, বিভিন্ন বয়সে সুষম খাদ্য, পরিবার পর্যায়ে খাদ্য সংরক্ষণ, শিশুর সম্পূরক খাবার, রন্ধন প্রণালী, টাটকা শাক-সবজি ও ফলের পুষ্টিগুণ এবং ব্যবহার, সয়াবিন ও ভুট্টার বহুমুখী ব্যবহার ইত্যাদি বিষয়ে ৫৭টি বেতার কথিকা বাংলাদেশ বেতারে সম্প্রচার করা হয়েছে।

*খাদ্যে রাসায়নিক ব্যবহারে মানব দেহে সম্ভাব্য ক্ষতিকর প্রভাব ও প্রতিকার, শাক-সবজি ও ফলমুলের সংগ্রহত্তোর ব্যবস্থাপনা প্রযুক্তি এবং মানবদেহে রং ও রাসায়নিক দ্রব্য মিশ্রিত খাদ্যের ক্ষতিকর প্রভাব ও প্রতিকার, খাদ্যাভ্যাস ও পুষ্টি, বয়ঃসন্ধিকালের পুষ্টি বিষয়ক সচেতনতা শীর্ষক ৩৪টি কর্মশালা/সেমিনার বাস্তবায়ন করা হয়।

## <u>বারটান-এর অবকাঠামো নির্মাণ ও কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্প</u>

বারটান-এর কার্যক্রম সুসংহত ও শক্তিশালীকরণের লক্ষ্যে ২০১৩ সালে বারটান-এর অবকাঠামো নির্মাণ ও কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্পটি গ্রহণ করা হয়। এই প্রকল্পের আওতায় নারায়ণগঞ্জের আড়াইহাজার উপজেলায় ১০০ একর জমির উপর প্রধান কার্যালয় নির্মাণ করা হয়েছে যেখানে ফলিত পুষ্টি বিষয়ক অত্যাধুনিক গবেষণাগার নির্মিত হয়েছে। প্রধান কার্যালয়সহ রংপুর (পীরগঞ্জ), সিরাজগঞ্জ, ঝিনাইদহ, বরিশাল, সুনামগঞ্জ, নোয়াখালী আঞ্চলিক কার্যালয়ের অবকাঠামো নির্মাণ সম্পন্ন হয়েছে। প্রধান কার্যালয়ের একাডেমিক ভবন, ডরমিটরি ভবনের কাজ শেষ হয়েছে, অফিস ভবনের কাজ শেষ হয়েছে। ২০১৩ সালে শুরু হওয়া এই প্রকল্পের বরাদ্দ ৩৫৪.১২৪৮ কোটি টাকা। প্রতিবেদনাধীন অর্থবছরে এই প্রকল্পের বরাদ্দ ছিল ২২ কোটি ৫৬ লাখ টাকা, এর মধ্যে ২০.৯৩৭ কোটি টাকা ব্যয়িত হয়েছে যা মোট অর্থবছরের মোট বরাদ্দের ৯২.৮১%। প্রকল্পের শুরু থেকে এখন পর্যন্ত মোট ৩০৮.৭৮ কোটি টাকা ব্যয়িত হয়েছে যা মোট বরাদ্দের ৮৭.২০%, এবং প্রকল্পের বাস্তব অগ্রগতি ৯৯.৮০%।

## প্রকল্পের প্রধান কার্যক্রমের ক্রমপুঞ্জিত অগ্রগতি

১। অফিস ভবন (প্রধান কার্যালয়, আড়াইহাজার)- ১০০%(অফিস ভবন বুঝে নেওয়া হয়েছে)।
২। অফিস ভবন (৭টি আঞ্চলিক কার্যালয়) - ১০০%।
৩। প্রশিক্ষণ ভবন (প্রধান কার্যালয়) - ১০০%
৪। প্রশিক্ষণ ও ডরমিটরী ভবন (৭টি আঞ্চলিক কার্যালয়) – ১০০%।
৫। ডরমিটরী (প্রধান কার্যালয়) – ১০০%।
৬। আবাসিক ভবন (প্রধান কার্যালয়) - ১০০%

## রাজস্ব বাজেটের কর্মসূচি

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)-এর রাজস্ব বাজেটের অর্থায়নে কোনো কর্মসূচী নেই।

## অন্যান্য বিশেষ অর্জন বা স্বীকৃতি

প্রযোজ্য নহে।

## উল্লেখযোগ্য সাফল্য

প্রযোজ্য নহে।

## উপসংহার

বাংলাদেশের সমস্ত উন্নয়ন পরিকল্পনায় কৃষি, খাদ্য ও পুষ্টি নিরাপত্তাকে প্রাধান্য প্রদান করা হয়েছে। ক্ষুধা ও অপুষ্টি দূরীকরণ শুধুমাত্র একক লক্ষ্য হিসেবে নয় বরং অন্যান্য লক্ষ্যমাত্রা অর্জনের অপরিহার্য উপকরণ হিসেবে বিবেচিত হয়েছে। রূপকল্প ২০২১, টেকসই উন্নয়ন অভীষ্ট ২০৩০, রূপকল্প ২০৪১ এবং বদ্বীপ পরিকল্পনা ২১০০ বাস্তবায়নের পথে দেশের সব জনগণের জন্য পর্যাপ্ত পুষ্টি নিশ্চিতকরণ একটি বড় মাইলফলক। বারটান খাদ্যভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণের জাতীয় ও আন্তর্জাতিক পীঠস্থান হিসেবে গড়ে উঠবে বলে আশা করা যায়।




খাদ্য দিবস ২০২০ উপলক্ষে হোটেল ইন্টারকন্টিনেন্টালে বারটান আয়োজিত সেমিনারে মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি ও কৃষি সচিব মোঃ নাসিরুজ্জামান।



মুজিব বর্ষ উপলক্ষে বৃক্ষরোপণ করছেন বারটান-এর নির্বাহী পরিচালক হাবিবুর রহমান খান (অতিরিক্ত সচিব)।





বারটান প্রধান কার্যালয়, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।




আড়াইহাজার, নারায়ণগঞ্জ-এ আয়োজিত প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত আছেন আলহাজ নজরুল ইসলাম বাবু এমপি, সংসদ সদস্য, নারায়ণগঞ্জ ০২।